



বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল

কেন্দ্রীয় কমিটি

কেন্দ্রীয় কার্যালয় : ২৮/১ নয়াপল্টন, ভি.আই.পি রোড, ঢাকা-১০০০। ফোন : ৯৩৬১০৬৪, ফ্যাক্স : ৮৩১৮৬৮৭। Email : mohiladal.central16@gmail.com

তারিখ : ২৯ অক্টোবর ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের শোকবার্তা

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল-ঢাকা মহানগর উত্তর শাখার যুগ্ম আহ্বায়ক ও কেন্দ্রীয় মহিলা দলের সদস্য স্বপ্না বেগম গতকাল রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন। তার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলের কেন্দ্রীয় সভাপতি আফরোজা আব্বাস এবং সাধারণ সম্পাদক সুলতানা আহমেদ।

আজ এক শোকবার্তায় নেতৃত্ব বলেন, “সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম এর বাংলাদেশী জাতীয়তাবাদী দর্শনে গভীরভাবে বিশ্বাসী মরহুমা স্বপ্না বেগম জাতীয়তাবাদী মহিলা দলের কেন্দ্রীয় কমিটির সদস্য ও ঢাকা মহানগর উত্তর শাখার যুগ্ম আহ্বায়ক হিসেবে সংগঠনকে শক্তিশালী ও মজবুত ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করতে বলিষ্ঠ ভূমিকা পালন করেছেন। তার মতো একজন বলিষ্ঠ সংগঠক ও সাহসী নেত্রীর মৃত্যুতে ঢাকা মহানগর উত্তর ও কেন্দ্রীয় জাতীয়তাবাদী মহিলা দলের যে ক্ষতি হলো তা সহজে পূরণ হবার নয়। জনকল্যাণের মহান ব্রত নিয়ে রাজনীতি করতেন বলেই তিনি এলাকাবাসীর নিকট চিরস্মরণীয় হয়ে থাকবেন।

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে মানুষের গণতান্ত্রিক অধিকার আদায়ের প্রতিটি আন্দোলন সংগ্রামে তার সক্রিয় অংশগ্রহণ ছিল প্রশংসনীয়। স্বপ্না বেগম এর মৃত্যুতে আমরা তার শোকাহত পরিবারবর্গের প্রতি গভীর সহমর্মিতা জ্ঞাপন করছি। মহান রাব্বুল আলামীনের দরবারে দোয়া করি তিনি যেন তাকে বেহেস্ত নসীব এবং শোকাক্ত পরিবার-পরিজনকে ধৈর্য ধারণের ক্ষমতা দান করেন।”

নেতৃত্ব শোকবার্তায় স্বপ্না বেগম এর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকাক্ত পরিবার-পরিজন, আত্মীস্বজন, গুণগ্রাহী ও শুভাকাঙ্ক্ষীদের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক-

(হেলেন জেরিন খান)

(হেলেন জেরিন খান)

সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল

কেন্দ্রীয় কমিটি।